## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের জুন/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ ২৩/০৬/২২ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত সরকারি বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি, উপজেলা চেয়ারম্যান, জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, সিরতা ইউপি সভায় বলেন যে, গত ১২/০৫/২০২২ তারিখে উপজেলা পরিষদের মাসিক সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়ের গ্রীল কলাপসেবল গেইট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রকল্পটিতে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ ককর্মকর্তার কার্যালয়ের নতুন ভবনের গ্রীল কলাপসেবল গেইট নির্মাণ করার সংশোধনী করার প্রস্তাব করেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়ের নতুন ভবনের গ্রীল, কলাপসেবল গেইট নির্মাণ করার সংশোধনী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদও, ময়মনসিংহ। |
| ২ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, (১) সদর উপজেলাধীন ১নং অষ্টধার ইউনিয়নে ৬নং কুঠুরাকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি অবস্থিত। অত্র বিদ্যালয়ে (পিইডিপি-৪) এর আওতায় একটি নতুন ভবন নির্মানের অনুমোদন পাওয়ার পর দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন ও কার্যাদেশ প্রদান করা হয়েছে। উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মো. আবু তালহা রিপন সাহেব রেজুলেশনের মাধ্যমে জানান যে, উক্ত ভবনখানা নির্মানের জন্য যে স্থান নির্ধারন করা হয়েছে সেখানে বিদ্যালয়ের শহিদ মিনার, একাডেমিক ভবন, অফিস কক্ষ, ৬০ বছরের পুরাতন একটি বড় আম গাছ ও প্রায় ২০ (বিশ)টি অন্যান্য বড় গাছ রয়েছে। উক্ত স্থানে ভবনটি নির্মান করা হলে গাছপালা কর্তন সহ সরকারি স্থাপনাদি ভেঙ্গে ফেলতে হবে। ফলে বিদ্যালয়ের শিক্ষার্থীদের লেখাপড়া শেখানো সহ অন্যান্য কার্যক্রম ব্যাহত হবে। কিন্তু উক্ত বিদ্যালয়ের খেলার মাঠের দক্ষিন পার্শ্বে ভবন নির্মানের প্রয়োজনীয় স্থান বিদ্যমান আছে। ম্যানেজিং কমিটির সভাপতি আরো জানান যে, প্রস্তাবিত ভবনখানা নির্ধারিত স্থান হতে আনুমানিক ১০০ ফুট দক্ষিনে খোলা স্থানে উওরমুখী করে নির্মান করা হলে বিদ্যালয়টির জন্য সুবিধা হবে অর্থাৎ ক্ষয়ক্ষতিকম হবে ও বিদ্যালয়ের সৌন্দর্য্য বৃদ্ধি পাবে। (২) তিনি আরো জানান যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন (NBIDGPS-1) এর আওতায় নওমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৪৫ মিটার সীমানা প্রাচীর ও গেইট নির্মানের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন পূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। কাজটির Layout প্রদান করে সীমানা নির্ধারন নিয়ে জটিলতা সৃষ্টি হয়। দফায় দফায় উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ মহোদয়ের মাধ্যমে জটিলতা নিরসনের চেষ্টা করা হয়। বর্তমানে বিদ্যালয় ভবনের পিছন দিকে মোট ৫০মিটার সীমানা প্রাচীর নির্মান করার সুযোগ আছে এবং বাকী তিন দিকে (উওর, পূর্ব ও পশ্চিমে) ভালো সীমানা প্রাচীর বিদ্যমান থাকায় ঐ তিন দিকে সীমানা প্রাচীর নির্মান করার প্রয়োজন নেই মর্মে প্রধান শিক্ষক ও সভাপতি এসএমসি, নওমহল সরকারি প্রাথমিক বিদ্যালয় সদর, ময়মনসিংহ প্রত্যয়ন প্রদান করেন।<br>(৩) বিভিন্ন ইউনিয়নের জন প্রতিনিধি এবং চেয়ারম্যান বৃন্দদের কাছ থেকে এলজিইডি/এলজিআই এর তালিকাভুক্ত/গেজেটভুক্ত নয় এমন সড়ক সমূহের তালিকা পাওয়া গেছে। ( পরিশিষ্ট-খ) এসব সড়ক সমূহ এলজিইডি এবং এলজিআই এর গেজেটভুক্ত করার জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।<br>(৪) ময়মনসিংহ জেলার ভাবখালী ইউনিয়নাধীন দাপুনিয়া ইউপি-চুরখাই জিসি ভায়া গোপাল নগর সড়ক ( আইডি নং-৩৬১৫২৩০০২) টি শহীদ বীর মুক্তিযোদ্ধা এডভোকেট ইমান আলী (এম এল এ) নামে নাম করন করার জন্য গত ২২/০৬/২০২২ইং তারিখে ভাবখালী ইউনিয়ন পরিসদের মাসিক সভায় আলোচনা হয় এবং কার্য বিবরনীতে লিপিবদ্ধ করা হয়। | সভায় আলোচনান্তে (১) উক্ত বিদ্যালয়টির ছাত্র-ছাত্রী, শিক্ষক ম্যানেজিং কমিটি তথা বিদ্যালয়ের ক্ষয় ক্ষতি এড়াতে এবং উপজেলা শিক্ষা কমিটির সম্মতিক্রমে প্রস্তাবিত ভবনটি উওর সীমানা ঘেষে দক্ষিনমূখী করে নির্মান না করে বিদ্যালয় চত্তরের দক্ষিন সীমানা ঘেষে উওরমুখী করে নির্মানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>(২) বিস্তারিত আলোচনান্তে উক্ত বিদ্যালয় ভবনের শুধুমাত্র দক্ষিন পার্শ্বে ৫০ মিটার সীমানা প্রাচীর এবং গেইট নির্মান পূর্বক কাজটি চূরান্ত হিসাবে গন্য করে ঠিকা চুক্তিটি নিষ্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়ক সমূহের গুরুত্ব বিবেচনা করে উক্ত সড়ক সমূহ এলজিইডি ও এলজিআই এর তালিকাভূক্ত / গেজেটভূক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৪) বিস্তারিত আলোচনান্তে দাপুনিয়া ইউপি-চুরখাই জিসি ভায়া গোপাল নগর সরকটি শহীদ বীর মুক্তিযোদ্ধা এডভোকেট ইমান আলী(এম এল এ) সড়ক নামে নাম করনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং অনুমোদনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসারের দপ্তর /সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ! |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া উপজেলা প্রকৌশলী আরো জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| ৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, **(১) আসন্ন বন্যা পরিস্থিতি মোকাবেলা করার জন্য প্রত্যেকটি ইউনিয়ন পর্যায়ে মেডিকেল অফিসারের নেতৃত্বে একটি করে মেডিকেল টিম গঠন করা হয়েছে। পর্যাপ্ত খাবার ও পানি বিশুদ্ধকরন ট্যাবলেট সংরক্ষন করা হয়েছে।**<br>**(২) করোনার সংক্রমনের হার আস্তে আস্তে বেড়ে যাচ্ছে এবং হাসপাতালে ভর্তিকৃত রোগীর** সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে । সেজন্য সবাই মাস্ক পড়া এবং করোনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য সবাইকে অনুরোধ করেন।<br>**(৩) বর্তমানে পরিস্থিতিতে দেখা যাচ্ছে, বেসরকারি কিছু সংখ্যক ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টারের স্বাস্থ্য অধিদপ্তরের নিবন্ধন ছাড়াই কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। সদর উপজেলার যে সকল অনিবন্ধিত ডায়াগনষ্টিক সেন্টার ও ক্লিনিক রয়েছে সেগুলো অভিযান পরিচালনার মাধ্যমে বন্ধ করে দেওয়া হবে। এ কার্যক্রম চলমান রয়েছে। এ কার্যক্রমে উপজেলা পরিষদ ও প্রশাসনের সকল কর্মকর্তাকে সহযোগিতার জন্য অনুরোধ করেন। যে সকল বেসরকারি হাসপাতালের কার্যক্রম মান সম্মত নয় তাদের বিরুদ্ধেও স্বাস্থ্যবিভাগের নেতৃত্বে অভিযোন পরিচালিত হবে।** বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বন্যা পরিস্থিতি মেকাবেলা করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ৩য় ডোজের টিকা কার্যক্রম আরো বেগবান করার জন্য ইউপি চেয়ারম্যানগনকে স্ব-স্ব ইউনিয়নে ব্যাপক প্রচারণার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**৩। যে সকল অনিবন্ধিত ডায়াগনষ্টিক সেন্টার ও ক্লিনিক রয়েছে সেগুলো মোবাইল কোর্ট পরিচালনা করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ/উপজেলা নির্বাহী অফিসার/<br>ইউপি চেয়ারম্যানগণ/সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৪ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন ।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান **যে, দাপুনিয়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের প্রাঙ্গনে ঝড়ে উপড়ে পড়া ও মৃত আকাশমনি ও রেইনট্রি গাছ গুলো যথাযথ প্রক্রিয়ায় সরিয়ে নেয়ার ব্যাপারে আলোচনা করা হয়। এছাড়া তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে।** এ বিষয়ে সকলের সহযোগিতা **কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে দাপুনিয়া **স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের প্রাঙ্গনে ঝড়ে উপড়ে পড়া ও মৃত আকাশমনি ও রেইনট্রি গাছ গুলো নীতিমালার আলোকে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়** | উপজেলা পরিবার পরিকল্প অফিসার ও সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন (ত্রাণ) বিভাগ ঃ উপজেলা ত্রাণ অফিসার সভায় জানান যে, সকল **ইউপি চেয়ারম্যানদের অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর শ্রমিক মজুরীর মাষ্টার রোল জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/<br>সকল ইউপি চেয়ারম্যানগণ। |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন ।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/সকল ইউপি চেয়ারম্যান |
| ৮ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন ।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার/সকল ইউপি চেয়ারম্যান |
| ৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বঙ্গবন্ধু ডিজিটাল শিক্ষা ভবন নির্মান এর জন্যে মাটি ভরাট করে নির্মান উপযোগি করে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১০ | **উপজেলা পল্লী সঞ্চয় অফিস ঃ শাখা ব্যবস্থাপক**, উপজেলা **পল্লী সঞ্চয় বিভাগ** সভায় জানান, বর্তমানে সদর শাখার ১৩ টি ইউনিয়নে তাদের ঋন কার্যক্রম চালু রয়েছে। উক্ত ঋন বিভিন্ন কারনে সময়মতো কিস্তি পরিশোধ না করায় দিন দিন খেলাপী ঋনের পরিমান বৃদ্ধি পাচ্ছে। অতএব খেলাপী খেলাপী ঋন আদায়ে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নিকট অনুরোধ জানিয়েছেন। তিনি মনে করেন উক্ত সহায়তা পেলে খেলাপী ঋন আশানুরুপ কমাতে সক্ষম হবেন।<br>এছাড়াও খেলাপী ঋন আদায়ে তিনি সার্টিফিকেট মামলা দেওয়ার ব্যাপারেও মতামত ব্যক্ত করেন। | সভায় আলোচনান্তে খলাপী ঋন গ্রহিতাদেও তালিকা করে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহিত হয়। | শাখা ব্যবস্থাপপক,উপজেলা পল্লী সঞ্চয় বিভাগ/<br>ইউপি চেয়ারম্যানগণ ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |
| ১১ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্দেশনা মেনে পাঠদান চলমান আছে।<br>ময়মনসিংহ সদর উপজেলার ১৪টি ইউনিয়নে বঙ্গবন্ধু শেখ মুজিব ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট চলমান আছে। ফুটবল টুর্নামেন্টে সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।<br>মময়মনসিংহ সদর উপজেলার দূরবর্তী ৩৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে CSSR Covid-19 Schooli Sector Response Sub Grand Fund এর মাধ্যমে সুরক্ষা সামগ্রী ক্রয় করার জন্য বিদ্যালয় প্রতি ১২০০০/-(বারো হাজার) টাকা বিতরন করা হয়েছে। সুরক্ষা সামগী ক্রয়ে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।<br>ঝাপাড়কান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নদী গর্ভে বিলীন হওয়ায় এবং বিদ্যালয়ের নিজস্ব | সভায় আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার/ ও সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর,ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | কোন জমি না থাকায় বিদ্যালয় এলাকায় জমি দান করতে ইচ্ছুক এমন কোন দানশীল জমিদাতা সদস্যকে খুজে বের করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>**তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন** | | |
| ১২ | **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, জনশুমারি ও গৃহগননা ২০২২ এর মূল গণনা কাজ ১৫-২১ জুন ২০২২ সময়ে সারাদেশে একযোগে অনুষ্টিত হয়েছে। সারাদেশের ন্যায় ময়মনসিংহ সদর উপজেলায় নির্ভুল ও সফল জনশুমারি ও গৃহগণনা সম্পাদনের জন্যে সকরকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হয়। | **উপজেলা পরিসংখ্যান** অফিসার/সকল ইউপি চেয়ারম্যান |
| ১৩ | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, প্রতিষ্ঠানিক প্রশিক্ষন গ্রহনের নিমিত্ত কারিগরি ও পশু পালন ট্রেডে বিজ্ঞপ্তি জারী হয়েছে। অত্র উপজেলার আগ্রহী বেকার যুব ও মহিলা যাদেও বয়স ১৮-৩৫ বছর তারা আবেদন করতে পারবেন। এ ব্যাপারে ইউনিয়ন চেয়ারম্যান সহ সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া দপ্তরের প্রশিক্ষন ও ঋন কার্যক্রমের লক্ষমাত্রা সহ সকল কার্যক্রম সন্তোষ জনক। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | **উপজেলা যুব উন্নয়ন / ও** সংশ্লিষ্ট সকল **ময়মনসিংহ সদর,ময়মনসিংহ** |
| ১৪ | চেয়ারম্যান, সিরতা ইউপি সভায় জানান যে, পরানগঞ্জ চরশিরকলদী গ্রামে ব্রক্ষপুত্র নদী ভাঙ্গনে একটি গ্রামের এক অংশ এবং বেরিবাদ চরশিরকলদী বাজার সহ মসজিদ মাদ্রাসা ভেঙ্গে যাচ্ছে। দ্রুত সময়ের মধ্যে ব্যবস্থা গ্রহন না করা হলে পরানগঞ্জ চরশিরকলদী গ্রামে ব্রক্ষপুত্র নদী ভাঙ্গনে একটি গ্রামের এক অংশ এবং বেরিবাদ চরশিরকলদী বাজার সহ মসজিদ মাদ্রাসা নদী গর্ভে বিলীন হয়ে যাবে বলে । এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে ব্যবস্থা নেয়ার জন্য বিনীত অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে পরানগঞ্জ চরশিরকলদী গ্রামে ব্রক্ষপুত্র নদী ভাঙ্গনে একটি গ্রামের এক অংশ এবং বেরিবাদ চরশিরকলদী বাজার সহ মসজিদ মাদ্রাসা নদী গর্ভে হতে রক্ষা করার বিষয়ে সভার কার্যবিবরনীসহ জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ । |
| ১৫ | ইউজিডিপি প্রকল্পের ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দ দ্বারা বাস্তবায়নের জন্য অনুমোদিত অবকাঠামো প্রকল্পের কাজ সম্পন্ন হওয়ায় পরবর্তী করণীয় সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত :<br>উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ইউজিডিপি প্রকল্পের ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দ দ্বারা বাস্তবায়নের জন্য অনুমোদিত তিনটি অবকাঠামো প্রকল্পের মধ্যে<br>২) উপজেলাবাসীর জরুরী স্বাস্থ্য সেবার জন্য "ময়মনসিংহ সদর উপজেলার দাতব্য চিকিৎসা কেন্দ্রের জন্য জরুরী যন্ত্রপাতি ও আসবাব সরবরাহ করণ" উপপ্রকল্প নং- আইএনএফ-২০২১-২২.৪৫৬১৫২(০৩) যার ইউজিডিপি অনুমোদিত প্রাক্কলিত মূল্য ভ্যাট ও আইটিসহ = ১৬৭৫৯৭৮/- (ষোল লক্ষ পঁচাওর হাজার নয় শত আটাওর) টাকা এবং সর্বমোট পরিশোধ যোগ্য বিল (ভ্যাট ও আইটিসহ) ১৫৯৪০০০/= (পনেরো লক্ষ চুরানব্বই হাজার) টাকা মাত্র এর কাজ সম্পন্ন হয়েছে এবং ২৩-০৬-২০২২তারিখ ঠিকাদার প্রতিষ্ঠান কাজটি উপজেলা পরিষদের মাধ্যমে হাসপাতাল কর্তৃপক্ষের কাছে সম্পূর্ণ ব্যবহার যোগ্য অবস্থায় হস্তান্তর করে চূড়ান্ত বিলের জন্য উপজেলা চেয়ারম্যান বরাবরে আবেদনপত্র দাখিল করেছেন যা উপজেলা চেয়ারম্যান মহোদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।<br>উল্লেখিত বিলটি উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হলে বরাদ্দ ছাড়ের জন্য ঢাকা ইউজিডিপি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। সে কারণে বিলটি অনুমোদনের প্রস্তাব সভায় উপস্থাপন করা হলো। | ০১। প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রস্তাব মতে "ময়মনসিংহ সদর উপজেলার দাতব্য চিকিৎসা কেন্দ্রের জন্য জরুরী যন্ত্রপাতি ও আসবাব সরবরাহ করণ" উপপ্রকল্প নং- আইএনএফ-২০২১-২২.৪৫৬১৫২(০৩) এর চূড়ান্ত বিল টি যথাযথ ভাবে প্রস্তুত করে বরাদ্দ ছাড়ের জন্য ইউজিডিপি প্রধান কার্যালয়, ঢাকাতে প্রেরণের জন্য অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ ও উপজেলা প্রকৌশলী,সদর, ময়মনসিংহ। |
| ১৬ | ভাইস চেয়ারম্যান জনাব মোস্তাফিজুর রহমান শাহীন সভায় জানান যে, ময়মনসিংহ হচ্ছে একটি পুরাতন ঐতিহ্যবাহী শিক্ষা নগরী। বর্তমানে ময়মনসিংহ বিভাগে উন্নীত হওয়ায় বিশেষ করে চরাঞ্চল খ্যাত শম্ভুগঞ্জ, চরঈশ্বরদিয়া, চরনিলক্ষীয়া, বোররচর, সিরতাসহ বিশাল চর এলাকায় কোন সরকারী শিক্ষা প্রতিষ্ঠান না থাকায় দূরদূরান্তের অনেক ছেলে মেয়ে মানসম্মত শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। তাই একটি মাধ্যমিক বিদ্যালয়ের প্রয়োজনীয়তার কথা তুলে ধরে অত্র এলাকার পুরাতন ও ঐতিহ্যবাহী শম্ভুগঞ্জ ইউসি উচ্চ বিদ্যালয়কে জাতীয় করনের জন্য সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য জোড় সুপারিশ করেন। | বিস্তারিত শম্ভুগঞ্জ ইউসি উচ্চ বিদ্যালয়কে জাতীয় করনের জন্য সভার কার্যবিবরণীসহ উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর, ময়মনসিংহ । |
| ১৭ | <u>বিবিধ আলোচনা:</u><br>১। উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ জানান যে, জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২-এ এ উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মো. মোস্তাফিজুর রহমান ভুইয়া জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা অফিসার নির্বাচিত হয়েছেন তার এ কৃতিত্বের অংশিদার এ পরিষদের সকলেই। | বিস্তারিত আলোচনান্তে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২-এ এ উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মো. মোস্তাফিজুর রহমান ভুইয়া জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা অফিসার নির্বাচিত হওয়ায় সভার পক্ষ হতে ধন্যবাদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ ও সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর, ময়মনসিংহ । |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা মাসিক সভায় বলেন যে, উপজেলা পরিষদের সকল বিভাগীয় কর্মকর্তাগণকে আরও দায়িত্বশীল হয়ে বর্তমান সরকারের উন্নয়ন মূলক কাজগুলি দ্রুত বাস্তবায়ন ও সার্বক্ষনিক তদারকী করার জন্য নির্দেশনা প্রদান করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলার উন্নয়ন মূলক কাজগুলি সরেজমিনে তদারকী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ ও সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর, ময়মনসিংহ । |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(আশরাফ হোসাইন)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

তারিখ-২৩/০৬/২০২২খ্রিঃ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২২-৭৫৫ (৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪,
ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা.......................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব........................চেয়ারম্যান......................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব..............................................................................................

১০। অফিস কপি।

**(মোহাম্মদ শফিকুল ইসলাম)**
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।